

‘একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.২৬০০.০১৭.২৭.০০১.১৫.১৩৭৪

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।
১৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু ঢাকা জেলার তেজগাঁও সার্কেলের অধীন বাড্ডা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী হোসেন এর বিরুদ্ধে দায়েরকৃত [ভাটারা থানার মামলা নং-১১(০২)/১৫, জি.আর নং-৪৮/১৫, ধারা দঃ বিঃ ১৪৩/৪৩৫/১০৯-এর অভিযোগপত্র নং-১৬৬ ধারা ১৪৩/৪৩৫/১০৯/৩৪ দঃ বিঃ] মামলার অভিযোগপত্র ০১.১১.১৫ খ্রিঃ তারিখ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে মামলা বিচারাধীন থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd


স্মারক নং-স্বাসবি/ইপ/সাবঅ-৬৪/২০০৭(অংশ-১)-১৩৭৪

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।
১৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, ঢাকা।
০২. উপজেলা সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
০৩. জনাব মোঃ আলী হোসেন, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), বাড্ডা ইউনিয়ন পরিষদ, তেজগাঁও উন্নয়ন সার্কেল ঢাকা।

০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার